৬.৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়
রংপুর

স্মারক নং - ২৪.০৬.৮৫০০.০৩২.০১.০০৭.১৪.৬৮৯ তাং- ১৬/১১/২০২০

বিষয় : মোহাম্মদ এমদাদুল বারী, পরিচালক (সম্প্রসারণ) ও প্রকল্প পরিচালক "রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ "শীর্ষক প্রকল্পের ২৯/১০/২০২০ তারিখ হতে ০১-০১-২০২০ তারিখ পর্যন্ত পরিদর্শন প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ০৯-১১-২০২০ তারিখের ২৪.০৬.০০০০.০০৩.০১.০৩.১৩-২০১ নং স্মারক

ক্র:নং	সিদ্ধান্ত/নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি
১	প্লটে যেহেতু নতুন তুঁতচারা রোপন করা হয়েছে সেক্ষেত্রে অন্তত ১ বছর পর্যন্ত চারাগুলোর যত্ন নিতে হবে এবং তুঁত প্লটের চারপাশে ঘেরা/বেড়া দিতে হবে	নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন হচ্ছে।
২	এ বছর ব্লকের যেসব তুঁতচারা রোপন করা হচ্ছে সেগুলো যাতে সঠিকভাবে টিকে থাকে সে ব্যাপারে সংশ্লিষ্ট ম্যানেজার এবং পাহারাদার কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কঠোরভাবে নির্দেশনা দেয়া হলো	সঠিকভাবে তুঁতচারা রোপনের কার্যক্রম চলমান রয়েছে।
৩	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা করে তাদের লিখিত অনুমোদন নিয়ে উক্ত রাস্তায় তুঁতব্লক স্থাপনের জন্য বলা হলো।	বাস্তবায়ন হয়েছে।
৪	(ক) নতুন রোপনকৃত তুঁতচারার সাথে মানসম্মত খুটি দেয়ার জন্য বলা হলো। (খ) সংশ্লিষ্ট পাহারাদারকে প্রতিদিন ৫০ টি গাছ নির্বাচন করে পরিচর্যা করার জন্য বলা হলো। (গ) ব্লক স্থাপনের সাথে সাথে প্রকল্পের নাম সম্বলিত সাইনবোর্ড দিতে হবে এবং সাইনবোর্ডে গাছ নষ্ট করা "দন্ডনীয় অপরাধ " শব্দটি লিখে দিতে সংশ্লিষ্ট ম্যানেজার সম্প্র: বলা হলো।	বাস্তবায়ন হয়েছে।
৫	(ক) আইডিয়াল পল্লির প্রথম শর্ত হলো প্রত্যেক চাষীর ৮ শতক (৫ কাঠা) নিজস্ব জমি থাকতে হবে (খ) পলুঘর নির্মান করার জন্য বাড়িতে পর্যাপ্ত জায়গা থাকতে হবে। (গ সমন্বিত প্রকল্পের চাষী বসনীদের এই প্রকল্পে অন্তর্ভুক্ত করা যাবে না । (ঘ) একই পরিবার থেকে একাধিক চাষী নির্বাচন করা যাবে না। (ঙ) ব্লক , আইডিয়াল এবং সাধারণ চাষী পৃথক হবে।	নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নেওয়া হয়েছে।
৬	(ক) বীজাগারে " সাবমারসিবল পাম্প " বসানোর জন্য ব্যয়প্রাক্কলনসহ অনুমোদনের জন্য বোর্ড প্রধান কার্যালয়ে পত্র প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপপরিচালক ,সহকারী পরিচালক এবং ফার্ম ম্যানেজার'কে নির্দেশ দেয়া হলো (খ) পি২ বীজাগারে ডিম উৎপাদনের লক্ষে বগুড়া রেশম বীজাগারের রাস্তার পশ্চিম পাশের ৭ বিঘা জমিতে তুঁতচাষ করতে বলা হলো।	নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

আপনার অনুগত

১৬/১১/২০২০
(মো:মাহবুব -উল-হক)
উপপরিচালক
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়,
রংপুর।

পরিচালক (সম্প্রসারণ) ও প্রকল্প পরিচালক
"রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর
জেলার দারিদ্র হ্রাসকরণ "শীর্ষক প্রকল্প
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী